

## প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিৎ  
বিভিন্ন অপরাধে ৮টি প্রতিষ্ঠানকে ৩৯.০০ হাজার টাকা জরিমানা

২৫ মে ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়স্থীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৫ জন কর্মকর্তার নেতৃত্বে  
ঢাকা মহানগর, শরিয়তপুর, ঠাকুরগাঁও এবং নড়াইলে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আন্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর শাহবাগ এলাকায় অস্বাস্থ্যকর  
উপায়ে খাদ্যপণ্য তৈরীর অপরাধে সাকুরা রেস্টুরেন্টকে ১৫,০০০/- (পেনের হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর মোহাম্মদপুর এলাকায়  
মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে চাফি রেস্টুরেন্টকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার  
অপরাধে অসীম স্টোরকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকাসহ মোট ১০,০০০/- (দশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

শরিয়তপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে শরিয়তপুর সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৫,০০০/-  
(পাঁচ হাজার) টাকা, নড়াইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সোহেল শেখের নেতৃত্বে নড়াইল সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে  
৬,০০০/- (ছয় হাজার) টাকা এবং ঠাকুরগাঁও জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসান আল মারুফের নেতৃত্বে ঠাকুরগাঁও সদর  
উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ৩,০০০/- (তিনি হাজার) টাকাসহ মোট ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী,  
পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও মেয়াদ উত্তীর্ণ ত্বরিত বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ৫টি বাজার তদারকিতে ৮টি প্রতিষ্ঠানকে মোট ৩৯,০০০/- (উনচালিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা  
হয়। বিলম্বে প্রাপ্ত তথ্য অনুযায়ী গত ১৯ মে ২০১৬ তারিখে পঞ্চগড় জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসান আল মারুফের  
নেতৃত্বে পঞ্চগড় সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ১৯,০০০/- (উনিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে  
সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ,  
স্যানেটারী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা ও ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-  
(আফরোজা রহমান)  
সহকারী পরিচালক

### অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, খুলনা ও রংপুর।
- ৪। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, ঢাকা মহানগর, শরিয়তপুর, ঠাকুরগাঁও এবং নড়াইল।
- ৬। পুলিশ সুপার, ঢাকা মহানগর, শরিয়তপুর, ঠাকুরগাঁও এবং নড়াইল।
- ৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।